The Bangladesh Times

তারিখ ... 12 JUN 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সকল ডিগ্রী কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৯৯৩ সালের বি এ/বি,এস,এস/বিকম/বি,এসসি (পাস ও সাবসিডিয়ারী) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষা আগামী ২৯শে ডিসেম্বর ১৯৯৩ বুধবার থেকে অনুষ্ঠিত হবে। এই পরীক্ষার আবেদন ফরম, ফি জমা দেয়ার তারিখ ও নিয়মাবলী নিম্নে প্রদত্ত হ'লঃ

১। বি,এ/বি, এস, এস/বি,কম/বি,এসসি (পাস) পরীক্ষার ফি (নিয়মিত ও প্রাইভেট) — ৩৫০/-(তিন শত পঞ্চাশ) টাকা

২। বি,এ/বি,এস,এস/বি,কম/বি,এসসি (সাবসিডিয়ারী) পরীক্ষার ফি — ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকা

৩। সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফি — ১২৫/-(এক শত পঁচিশ) টাকা

৪। বি,এ/বি, এস সি প্রতি বিষয়ে ব্যবহারিক পরীক্ষার ফি — ২৫/-(পঁচিশ) টাকা

৫। নন-কলেজিয়েট ফি — ৫০/-(পঞ্চাশ) টাকা

৬। বিলম্ব ফি ছাড়া আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ — ১৪/৮/৯৩ ইং

৭। ২৫/- (পঁচিশ) টাকা বিলম্ব ফি সহ আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ — ২১/০৮/৯৩ ইং

৮। নির্বাচনী পরীক্ষা গ্রহণের সময় — জুলাই, ১৯৯৩ ইং

৯। আবেদন ফরম গ্রহণঃ

১৯৯১-৯২ শিক্ষাবর্ষ বা পূর্ববর্তী শিক্ষা বর্ষসমূহে যে সকল ছাত্র/ছাত্রীর নাম বিধিসম্মতভাবে রেজিষ্ট্রি করা হয়েছে, কেবলমাত্র তাদের নাম ও ক্লাস রোল নং এর উল্লেখপূর্বক নিম্নের ছক অনুযায়ী ২ (দুই) কপি ছাত্র/ছাত্রীদের (ক্লাস রোলের ক্রমানুসারে) তালিকা জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, টংগী, গাজীপুর অফিস হতে দশম অনুচ্ছেদে বর্ণিত তারিখ অনুসারে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

ছক

| ক্রমিক নং | ছাত্র/ছাত্রীর নাম ও পিতার নাম | রেজিষ্ট্রেশন নম্বর ও সেশন | ক্লাস রোল নং | মন্তব্য (পুনঃ ভর্তি হলে উল্লেখ করতে হবে) |
|---|---|---|---|---|
| | | | | |

X তালিকায় প্রদত্ত সংখ্যানুযায়ী আবেদন ফরম ও অন্যান্য ফরম সরবরাহ করা হবে।

১০। আবেদন ফরম বিতরণের তারিখঃ

| ক্রমিক নং | বিভাগের নাম | বিতরণের তারিখ | যে স্থান হতে বিতরণ করা হবে | সময় |
|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম বিভাগ এলাকার ডিগ্রী কলেজসমূহ | ১০/০৭/৯৩ | জাতীয় বিশ্ববিদ্যালয় বোর্ড বাজার, টংগী, গাজীপুর। | সকাল ১০টা হতে বিকাল ২টা পর্যন্ত |
| ২। | খুলনা বিভাগ এলাকার ডিগ্রী কলেজসমূহ | ১১/০৭/৯৩ | ঐ | ঐ |
| ৩। | রাজশাহী বিভাগ এলাকার ডিগ্রী কলেজসমূহ | ১২/০৭/৯৩ | ঐ | ঐ |
| ৪। | বরিশাল বিভাগ এলাকার ডিগ্রী কলেজসমূহ | ১৩/০৭/৯৩ | ঐ | ঐ |
| ৫। | ঢাকা বিভাগ এলাকার ডিগ্রী কলেজসমূহ | ১৪/০৭/৯৩ | ঐ | ঐ |

১১। কেন্দ্র ফিঃ

(ক) বি,এ/বি,এস,এস/বি, কম/বি,এসসি পাস ও সাবসিডিয়ারী এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রতি পরীক্ষার্থীর জন্য কেন্দ্র ফি — ১০০/-(এক শত) টাকা

(খ) ব্যবহারিক পরীক্ষা থাকলে কেন্দ্র ফি — ১২৫/-(এক শত পঁচিশ) টাকা

(গ) পরীক্ষা কেন্দ্র পরিবর্তন ফি (কেবলমাত্র আইনানুগ অভিভাবকের বদলী ক্ষেত্রে) — ৫০০/-(পাঁচ শত) টাকা

১২। পরীক্ষা পরিচালনার খরচঃ

কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তর পত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজ ও জিনিসপত্র গ্রহণ করার প্রয়োজনীয় খরচ, কেন্দ্র ফি হ'তে নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদি বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অনুদান প্রদান করা হবে না।

১৩। পাঠ্যসূচীঃ

১৯৯৩ সালে বি, এ/বি, এস, এস/বি, কম/বি, এসসি (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষা, ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯১-৯২ শিক্ষাবর্ষের পাঠক্রম ও পাঠ্যসূচী (স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের পূর্বে অধিভুক্ত কলেজসমূহের ক্ষেত্রে প্রযোজ্য) অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১৪। আবেদন ফরম পুরণের নিয়মাবলীঃ

(ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে স্বহস্তে পুরন করতে হবে।

(খ) আবেদন ফরম যথাযথভাবে পুরণ করে কলেজের সকল পরীক্ষার্থীর জন্য একই ব্যাংক ড্রাফটে ফি জমা দিয়ে ৩ (তিন) কপি ফরওয়ার্ডিং পত্রসহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের হিসাব শাখায় জমা দিতে হবে।

(গ) আবেদন ফরমের যাবতীয় তথ্যাদি সঠিক ও নির্ভুল হতে হবে এবং তা বিবরণী ফরমে উল্লেখ করতে হবে।

(ঘ) বি, এ/বি, এস, এস/বি, কম/বি, এসসি (পাস ও সাবসিডিয়ারী) কোর্সের জন্য পৃথক পৃথক তিন কপি বিবরণী ফরম জমা দিতে হবে।

(ঙ) পরীক্ষার্থীর আবেদন ফরমের সাথে রেজিষ্ট্রেশন কার্ডের (অধ্যক্ষ কর্তৃক) সত্যায়িত কপি সংযোজন করতে হবে।

(চ) প্রত্যেক পরীক্ষার্থীর সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট আকারের ছবি কলেজ অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করত আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(ছ) অসম্পূর্ণ আবেদন ফরম কে নরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(জ) আবেদন ফরম পুরণের সময় দাখিলকৃত তালিকার এবং ক্লাস রোলের ক্রমানুসারে কোর্সওয়ারী তিন কপি বিবরণী ফরম স্পষ্টাক্ষরে লিখে বিবরণী ফরমের ক্রমানুসারে আবেদন ফরমগুলি সাজিয়ে শক্ত সুতা দ্বারা বেঁধে জমা দিতে হবে।

(ঝ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

(ঞ) ডাকযোগে কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

বিঃ দ্রঃ

১। সকল প্রকার ফি এর ব্যাংক ড্রাফট রেজিষ্টার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে করতে হবে এবং তা জমা দানের পূর্বে কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষাকে ব্যাংক ড্রাফটের বিপরীত পৃষ্ঠায় সীলমোহরসহ স্বাক্ষর করতে হবে।

২। ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯২ সালের বি,এ/বি এস,এস/বি,কম/বি,এসসি (পাস) পরীক্ষায় অকৃতকার্য সকল ছাত্র/ছাত্রীর পরবর্তী পরীক্ষা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় গ্রহণ করবে।

৩। উল্লেখ্য যে, পরীক্ষায় অংশ গ্রহণের পূর্বশর্ত হবে কলেজের অধিভুক্তি/মঞ্জুরী এবং ছাত্র/ছাত্রীদের রেজিষ্ট্রেশন।

৪। পরীক্ষার সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে।

পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়
তারিখঃ ৩০-০৫-৯৩ ইং
সি-২৯২৯

ডিএফপি(স)৯৪৩৫-৭/৬ (১২x৩)